বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৪১

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৬ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৬৩ তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিত্বে ৯৬৩ তম কমিশন সভা গত ১৫/০৭/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

LR Global Bangladesh Asset Management Company Limited কর্তৃক পরিচালিত ১) DBH First Mutual Fund, ২) Green Delta Mutual Fund, ৩) AIBL 1st Islamic Mutual Fund, ৪) LR Global Bangladesh Asset Management Company Limited BD Mutual Fund One, ৫) NCCBL MF-1 ও ৬) MBL 1st Mutual Fund ফান্ডসমূহ হতে বিডিনিউজ টোয়েন্টিফোর ডট কম এর ১০০ টাকা মূল্যের illiquid share এ প্রতিটি ১২৫০০ টাকা দরে মোট ৪৯.০০ কোটি টাকা বিধিবহির্ভূতভাবে বিনিয়োগ করা হয়। পরবর্তীতে উক্ত বিধিবহির্ভূত বিনিয়োগের ফলে উক্ত মিউচুয়াল ফান্ডগুলোর বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুন্ন হওয়ায় এ বিষয়ে তদন্ত পরিচালিত হয়। তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে কমিশন আইনি প্রক্রিয়ায় শুনানী শেষে অনিয়মে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে। এ সংক্রান্ত বিস্তারিত নিম্নরূপ:

LR Global Bangladesh Asset Management Company Limited কর্তৃক ব্যবস্থাপনাকৃত উক্ত ৬টি মিউচুয়াল ফান্ড হতে ৪৯.০০ কোটি টাকার বিধিবহির্ভূতভাবে বিনিয়োগকৃত অর্থ সুদসহ ফান্ডগুলোতে ৩০ দিনের মধ্যে জমা প্রদান / ফেরত আনার সিদ্ধান্ত গৃহীত হয়। LR Global Bangladesh Asset Management Company Limited এর প্রধান নির্বাহী কর্মকর্তা ও প্রধান বিনিয়োগ কর্মকর্তা জনাব Reaz Islam উক্ত অর্থ ফান্ডগুলোতে জমা প্রদান / ফেরত আনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ফান্ডগুলোতে উক্ত সময়ের মধ্যে উক্ত অর্থ জমা / ফেরত আনতে ব্যর্থ হলে জড়িত ব্যক্তিদের উপর নিম্নোক্তভাবে জরিমানা আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়:

| জড়িত ব্যক্তিদের নাম | পদবি/পরিচয় | জরিমানার পরিমাণ |
|---|---|---|
| Mr. Reaz Islam | Director, Chief Executive Officer, Chief Investment Officer and Member, Investment Appraisal Committee;<br>LR Global Bangladesh Asset Management Company Limited | ৫০ কোটি টাকা |
| Mr. George Stock, CPA | Director & Member, Investment Appraisal Committee;<br>LR Global Bangladesh Asset Management Company Limited | ৪ কোটি টাকা |
| Mr. Monowar Hossain | Head of Legal and Compliance & Member, Investment Appraisal Committee;<br>LR Global Bangladesh Asset Management Company Limited | ৪ কোটি টাকা |
| Mr. Ronald Micky Gomes | CFO,<br>LR Global Bangladesh Asset Management Company Limited | ১ কোটি টাকা |
| LR Global Bangladesh Asset Management Company Limited | Asset Manager of<br>DBH First Mutual Fund, Green Delta Mutual Fund,<br>AIBL 1st Islamic Mutual Fund,<br>LR Global Bangladesh Asset Management Company Limited BD Mutual Fund One,<br>NCCBL MF-1,<br>MBL 1st Mutual Fund | ১ কোটি টাকা |

উক্ত ফান্ডগুলো হতে বিধিবহির্ভূতভাবে বিনিয়োগ হওয়ায় ফান্ডগুলোর যে ক্ষতি হয়েছে তাতে বিনিয়োগকারীদের স্বার্থ ক্ষুন্ন হয়েছে। উক্ত ফান্ডগুলোতে বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে ট্রাস্টি-Bangladesh General Insurance Company Limited (BGIC)'র ভূমিকা ও দায়-দায়িত্ব নিরুপণের বিষয়ে অনুসন্ধান (Enquiry) করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৬/০৭/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র